

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৪৮৯

তারিখ: ৩০-০৬- ২০২২ খ্রি.

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে শাখা, বিষয় ও ছবি সংশোধন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০১ জুলাই, ২০২২ খ্রি. তারিখ থেকে ৩১ জুলাই, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত শাখা, বিষয় ও ছবি পরিবর্তন করতে হলে শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত টাকা মাত্র) ফিস প্রদান করে অনলাইনে আবেদন করতে হবে। ৩১ জুলাই, ২০২২ খ্রি. তারিখের পর শাখা, বিষয় ও ছবি পরিবর্তন করতে হলে অবশ্যই শিক্ষার্থী প্রতি ৮০০/- (আটশত টাকা মাত্র) ফিস প্রদান করে অনলাইনে আবেদন করতে হবে।

অনলাইনে শাখা, বিষয় ও ছবি সংশোধনের নিয়মাবলি নিম্নরূপ:

- # যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
- # বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
- # প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
- # বামপাশের মেনুবার থেকে Group, Subject and Photo Change → Creat Application মেনুতে ক্লিক করুন।
- # শ্রেণি নির্বাচন করে ছাত্র-ছাত্রীর Student ID দিয়ে Find বাটনে ক্লিক করুন।
- # ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit করুন। সাবমিট করার পর সোনালী পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নং- ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৪৮৯(১-৭)

তারিখ : ৩০-০৬-২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

৩০, ০৬, ২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর